



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

সার্ভে ও ড্রাফট উপশাখা

প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা

www.bgdcl.gov.bd



মজিব
শতবর্ষ
100

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.০২১.২৭.০০৩.২১.১৪

তারিখ: ৩ মাঘ ১৪২৯

১৭ জানুয়ারি ২০২৩

বিষয়: বিজিডিসিএল এর তালিকাভুক্ত ১.১ ক্যাটাগরির ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স মোল্লা ব্রাদার্সকে কালো তালিকাভুক্তকরণ।

কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার বাতিসা, উল্লাপাড়া এলাকায় অবস্থিত অবৈধভাবে নির্মিত গ্যাস পাইপলাইনটি গত ১৫-০৩-২০২১ তারিখে এবং পুনরায় অবৈধভাবে পাইপলাইন নির্মাণ ও গ্যাস সংযোগ গ্রহণের কারণে গত ৩১-০৮-২০২১ তারিখে ভ্রাম্যমান আদালত ও পুলিশ এর সহায়তায় উচ্ছেদ করা হয়। উচ্ছেদ অভিযান পরিচালনাকালে অবৈধ গ্যাস সংযোগের সহিত আপনার প্রতিষ্ঠানের সম্পৃক্ততার অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গঠিত কমিটির রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, চৌদ্দগ্রাম উপজেলার বাতিসা, উল্লাপাড়া এলাকায় অবৈধভাবে পাইপলাইন নির্মাণপূর্বক উক্ত পাইপলাইন থেকে প্রায় ৩০-৩৮টি আবাসিক সংযোগ প্রদানের সাথে মেসার্স মোল্লা ব্রাদার্স এর সম্পৃক্ততা পাওয়া গেছে। আপনার এহেন কার্যকলাপ কোম্পানীর স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে- যা আপনার সাথে কোম্পানীর সম্পাদিত তালিকাভুক্তি চুক্তির তফসিলের ১৫.১, ১৫.৫ ও ১৫.৭ ধারা মোতাবেক কালোতালিকাভুক্ত করার অপরাধের সামিল। তবে, আপনার বিরুদ্ধে সরাসরি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পরিবর্তে আত্মপক্ষ সমর্থনের লক্ষ্যে আপনাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় (স্মারক নম্বর: ২৮.১১.০০০০.০২১.২৭.০০৩.২১.৬০/১০০৮ তারিখ ১২/০৯/২০২১)। উক্ত নোটিশের পরিপ্রেক্ষিতে গত ০১/১১/২০২১ ইং তারিখে আপনার প্রেরিত লিখিত জবাব পর্যালোচনায় কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি।

এমতাবস্থায়, বিজিডিসিএল এর সাথে আপনার সম্পাদিত তালিকাভুক্তি চুক্তির তফসিলের ১৫.১, ১৫.৫ ও ১৫.৭ ধারা অনুযায়ী ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে ০৫(পাঁচ) বৎসরের (২০২০-২০২১ হতে ২০২৪-২০২৫ অর্থবছর) জন্য বিজিডিসিএল এ তালিকাভুক্ত আপনার মালিকানাধীন ১.১ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান “মেসার্স মোল্লা ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নং-১০)” কে কালো তালিকাভুক্ত করা হলো।

১৯-১-২০২৩

প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ

উপ-মহাব্যবস্থাপক

ফ্যাক্স: +8808177199

ইমেইল: ho@bgdcl.gov.bd

মেসার্স মোল্লা ব্রাদার্স, প্রোপাইটার: এম. এ. হাদী মোল্লা,
স্বত্বাধিকারী পিতা: নোয়াব আলী মোল্লা, সাং-১৭৪৬, শেখ
মুজিব রোড, চট্টগ্রাম, মোবাইল-০১৭১৭-১২৪৪১৮


স্মারক নম্বর: ২৮.১১.০০০০.০২১.২৭.০০৩.২১.১৪/১(৮)

তারিখ: ৩ মাঘ ১৪২৯

১৭ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) এমডি এবং সকল ডিভিশনের মহা-ব্যবস্থাপকগণ



১৯-১-২০২৩

প্রকৌ. অল্লান কুমার দত্ত
ব্যবস্থাপক (চলতি দায়িত্ব)